



তারিখ : ৫ ফেব্রুয়ারি, ২০১৭

সংবাদ বিজ্ঞপ্তি

জনাব সুরঞ্জিত সেনগুপ্ত-এর মৃত্যুতে এন.ইউ'র ভিসির শোক প্রকাশ

জাতীয় সংসদের মাননীয় সংসদ সদস্য, বরেণ্য রাজনীতিবিদ, আওয়ামীলীগের উপদেষ্টা মন্ডলীর অন্যতম সদস্য জনাব সুরঞ্জিত সেনগুপ্তের মৃত্যুতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. হারুন-অর-রশিদ এক শোক বার্তায় বলেন, “মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক, বরেণ্য রাজনীতিবিদ, খ্যাতিমান পার্লামেন্টারিয়ান জনাব সুরঞ্জিত সেনগুপ্ত এক বর্ণাঢ্য রাজনীতিক জীবনের অধিকারী ছিলেন। ১৯৭০ সালের নির্বাচনে প্রাদেশিক পরিষদ সদস্য নির্বাচিত হওয়ার মধ্যে দিয়ে তাঁর পার্লামেন্টারি জীবনের শুরু এবং তখন থেকে দীর্ঘ ৪৬ বছর ধরে এদেশে সংসদীয় শাসনতান্ত্রিক রাজনীতির ধারাকে এগিয়ে নেওয়া ও পরিশীলিত করার ক্ষেত্রে তিনি অন্যান্য ভূমিকা পালন করেন। স্বাধীন বাংলাদেশের সংবিধান প্রণেতা জনাব সুরঞ্জিত সেনগুপ্ত-এর মৃত্যুতে দেশ এক বিশিষ্ট রাজনীতিক, খ্যাতিমান পার্লামেন্টারিয়ান ও দেশপ্রেমিক ব্যক্তিত্বকে হারালো যা দেশের জন্য অপূরণীয়। আমি তাঁর আত্মার শান্তি কামনা ও শোক সন্তুষ্ট পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করছি।”

(মোঃ ফয়জুল করিম)
পরিচালক (ভারপ্রাপ্ত)
জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর
জাতীয় বিশ্ববিদ্যালয়